



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ৭ ফেব্রুয়ারি, ২০১৮

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেটের ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ ১ম সেমিস্টারের ছাত্রছাত্রীদের ওরিয়েন্টেশন আজ ৭ ফেব্রুয়ারি, ২০১৮ বুধবার বিকাল ৩টায় সেন্ট্রাল অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়।

বিশ্ববিদ্যালয়ের ওরিয়েন্টেশন প্রোগ্রাম-২০১৭-১৮ এর প্রধান অতিথির বক্তব্যে শিক্ষার্থীদের উদ্দেশ্যে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, তোমরা অত্যন্ত মেধাবী। কারণ আরো কয়েক হাজার মেধাবী শিক্ষার্থীকে পেছনে ফেলে তোমরা দেশের অন্যতম সেরা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়েছ। তবে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার মধ্য দিয়ে তোমাদের কাজ শেষ হয়ে যায়নি। তোমাদেরকে নিয়ে বাবা-মায়ের অনেক স্বপ্ন রয়েছে। কাজেই বিশ্ববিদ্যালয়ে লেখাপড়াকে অবশ্যই গুরুত্ব দিতে হবে। তাছাড়া দেশের প্রতিও তোমাদের দায়বদ্ধতা রয়েছে। তোমাদের মনে রাখতে হবে, এদেশের খেটে খাওয়া মানুষদের কঠোর পরিশ্রমে অর্জিত টাকায় পাবলিক বিশ্ববিদ্যালয়গুলো পরিচালিত হয়।

সভাপতির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের স্বাগত জানিয়ে বলেন, তোমাদের জন্য আজকের এই দিনটি স্মরণীয় থাকবে। আজকেই তোমাদের সিদ্ধান্ত নিতে হবে, তোমরা যেন আদর্শ মানুষ হতে পার ও নিজেদেরকে আদর্শ নাগরিক হিসেবে গড়ে তুলতে পার। তোমরা অবশ্যই মনোযোগ দিয়ে লেখাপড়া করবে এবং জীবনকে বিপথের দিকে নিয়ে যাবে না। বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা যাতে বিঘ্নিত না হয় সেদিকে নজর রাখবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন এ বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দীন বিশ্বাস বলেন, জীবনের সফলতার জন্য প্রয়োজন সঠিক সময়ে সঠিক সিদ্ধান্ত নেয়া। আর এখন তোমাদের সঠিক সিদ্ধান্ত হবে যদি তোমরা নিজেদেরকে ভাল মানুষ হওয়ার জন্য প্রতিজ্ঞাবদ্ধ হতে পার।

বিশেষ অতিথির বক্তব্যে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মুহাম্মদ জাফর ইকবাল শিক্ষার্থীদেরকে বলেন, তোমার বড় হওয়ার যে স্বপ্ন নিয়ে এ বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়েছ সে স্বপ্ন বাস্তবায়নের পথে দুটি পথ পাবে। একটি ভাল ও অপরিষ্কার মন্দ। তোমরা সময়কে কাজে লাগাও এবং বিশ্ববিদ্যালয় জীবনকে উপভোগ কর, তাহলে সেটি ভাল পথ। আর যদি কিছু 'বড় ভাই'এর পরামর্শে কোর্স ড্রপ দিয়ে বিশ্ববিদ্যালয়ের জীবনকে উপভোগ করতে শুরু কর, তাহলে সেটি অবশ্যই খারাপ পথ। আর তোমাদেরকে বেছে নিতে হবে, তোমরা কোন পথে অগ্রসর হবে।

এতে স্বাগত বক্তব্য রাখেন শিক্ষাবর্ষ ২০১৭-১৮ এর ভর্তি কমিটির সভাপতি ও সামাজিক অনুষদের ডিন প্রফেসর ড. মো. আবদুল গনি।

পরিচিতি পর্বে ফিজিক্যাল সায়েন্সেস অনুষদের ডিন ড. আহমদ কবীর, লাইফ সায়েন্সেস অনুষদের ডিন ড. মো. শামসুল হক প্রধান, এগ্রিকালচার এন্ড মিনারেল সায়েন্সেস অনুষদের ডিন ড. এ. জেড. এম. মঞ্জুর রশিদ, এপ্লাইড সায়েন্সেস এন্ড টেকনোলজির অনুষদের ডিন ড. আবুল মুকিত মোহাম্মদ মোকাদ্দেস, সোস্যাল সায়েন্সেস অনুষদের ডিন ড. মো. আবদুল গনি, ম্যানেজমেন্ট এন্ড বিজনেস এডমিনিস্ট্রেশন অনুষদের ডিন ড. মোহাম্মদ আহমেদ চৌধুরী, স্কুল অব মেডিক্যাল সায়েন্সেস অনুষদের ডিন ও ওসমানি মেডিক্যাল কলেজের অধ্যক্ষ ডা. মোর্শেদ আহমেদ চৌধুরী, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার এবং রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন সংক্ষিপ্ত বক্তব্য রাখেন এবং নিজ নিজ অনুষদের বিভাগীয় প্রধান ও দপ্তর প্রধানদের পরিচয় করিয়ে দেন।

নবাগত ছাত্র-ছাত্রীদের মধ্য থেকে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থী ফাহিম উর রশিদ ও ব্যবসায় প্রশাসন বিভাগের শিক্ষার্থী হামিদা আখতার তাঁদের অনুভূতি ব্যক্ত করে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন।

অনুষ্ঠান পরিচালনা করেন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক বিশ্বপ্রিয় চক্রবর্তী ও বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগের সহকারী অধ্যাপক আতকিয়া ফারিহা।